


# আসছে ছোট ও কম দামের আইপ্যাড

বাজার মাতানো অ্যাপলের আইপ্যাড এবার ছোট ও কম দামে পাওয়া যাবে। ট্যাবলেট বাজারের শীর্ষস্থান দখলে নিতে অ্যাপল নিজেদের তৈরি আইপ্যাডের ছোট সংস্করণ তৈরি করছে বলে জানা গেছে। ছোট আকারের পাশাপাশি নতুন এই আইপ্যাডের দামও কম হবে বলে জানা গেছে। ইতিমধ্যে বাজারে থাকা গুগলের নেক্সাস-৭, আমাজনের কিন্ডল ফায়ার, মাইক্রোসফটের সম্ভাব্য নিজেদের ট্যাবলেটের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে নানা ধরনের নতুন সুবিধা যুক্ত হচ্ছে নতুন মিনি আইপ্যাডে। মাত্র ৭.৫৮ ইঞ্চির নতুন মিনি আইপ্যাডের দাম হতে পারে ৪৯৯ ডলার। টেক্সটবুক ব্যবসার বিষয়টি মাথায় রেখে বিশেষভাবে নতুন আইপ্যাড মিনি ট্যাবলেট তৈরি হচ্ছে, যা অ্যাপলকে আবার বাজারের সেরা করতে পারবে বলে ধারণা করা হচ্ছে। তবে অ্যাপলের পক্ষ থেকে এ ব্যাপারে কিছু জানা যায়নি।

অ্যাপলের সাবেক ব্যবস্থাপক ল্যাসিলি গ্র্যান্ডি বলেন, 'যাঁরা মূলত আইপ্যাডকে বড় মনে করে ব্যবহার করতে আগ্রহী নন, তাঁদের জন্যই বিশেষ এই মিনি আইপ্যাড।' বিশেষজ্ঞদের মতে, বাজারে শীর্ষে থাকতে চাইলে সাইজ যাই হোক না কেন, আইপ্যাড মিনিতে নতুন নানা সুবিধা,



আইপ্যাড মিনির জন্য অপেক্ষায় আছেন আগ্রহীরা

বৈশিষ্ট্য থাকতে হবে, যা ব্যবহারকারীদের আকর্ষণ করতে পারে। ইতিমধ্যে নতুন আইপ্যাড মিনি নিয়ে অ্যাপলপ্রেমীদের মধ্যে চলছে নানা ধরনের আলোচনা। কবে আসবে বাজারে, সেই অপেক্ষায় আছেন আগ্রহী ক্রেতারা।  
—টাইমস অব ইন্ডিয়া অবলম্বনে কাজী আশফাক আলম